



নথি নং- ৩০.৩১.০০০০.২৩১.৫১.০৫৪.১৮/১৭৫৩

তারিখ: ১৫.০৩.২০২৩ খ্রি:


ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কাস্টমস হাউজের পশ্চিমপাশে এয়ারপোর্ট রেস্টুরেন্ট সংলগ্ন (i) দোকান নং-১ (১৬০ বঃ ফুঃ); (ii) দোকান নং-২ (১৬০ বঃ ফুঃ); এবং (iii) দোকান নং-৩ (১৬০ বঃ ফুঃ) স্ন্যাক্স, ফাস্টফুড ও স্টেশনারী দোকান হিসেবে পরিচালনার জন্য ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ইজারা দরপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং	বিবরণ	অবস্থান
১.	হশাআবি'র এয়ারপোর্ট রেস্টুরেন্ট সংলগ্ন: (i) দোকান নং-১ (১৬০ বঃ ফুঃ); (ii) দোকান নং-২ (১৬০ বঃ ফুঃ); (iii) দোকান নং-৩ (১৬০ বঃ ফুঃ);	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কাস্টমস হাউজের পশ্চিমপাশে এয়ারপোর্ট রেস্টুরেন্ট সংলগ্ন দোকান নং-১ (১৬০ বঃ ফুঃ); দোকান নং-২ (১৬০ বঃ ফুঃ); এবং দোকান নং-৩ (১৬০ বঃ ফুঃ)।
২.	ইজারার মেয়াদ	: আর্থিক সন হিসাবে ইজারা স্থল হস্তান্তরের তারিখ হতে প্রাথমিকভাবে ০৩ (তিন) বছর (প্রতি বছর নবায়নের শর্তে)
৩.	প্রতি সেট ইজারা দরপত্রের নির্ধারিত মূল্য	: ৫০০/- (পাঁচশত) + ভ্যাট (অফেরতযোগ্য)
৪.	নির্ধারিত আনুষ্ঠানিক	: আনুষ্ঠানিক হিসাবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা'র অনুকূলে ইজারা দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৫.	কর্তৃপক্ষের নির্ধারিত ন্যূনতম গড় ইজারামূল্য (বার্ষিক)	: হশাআবি'র এয়ারপোর্ট রেস্টুরেন্ট সংলগ্ন; (i) দোকান নং-১ এর জন্য বার্ষিক ১০,৯৩,৩৯২/- (দশ লক্ষ তিরানব্বই হাজার তিনশত বিরানব্বই) টাকা; (ii) দোকান নং-২ এর জন্য বার্ষিক ৯,৩৫,৮৫৮/- (নয় লক্ষ পঁয়ত্রিশ হাজার আটশত আটান) টাকা; (iii) দোকান নং-৩ এর জন্য বার্ষিক ৯,৩৫,৮৫৮/- (নয় লক্ষ পঁয়ত্রিশ হাজার আটশত আটান) টাকা;
৬.	দরপত্র বিক্রয়ের স্থান ও সময়	: অফিস চলাকালীন নিম্নবর্ণিত স্থানসমূহ হইতে ইজারা দরপত্র ক্রয় করা যাবে: ক) পিএ টু সদস্য (পরিঃ ও পরিঃ) খ) পিএ টু প্রধান প্রকৌশলী গ) হশাআবি'র হিসাব শাখা ঘ) সদর দপ্তর, হিসাব শাখা ঙ) প্রশাসন (সম্পত্তি) শাখা
৭.	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	: ১০-০৪-২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়
৮.	দরপত্র দাখিলের স্থান তারিখ ও সময়	: পরিচালক (প্রশাসন) এর দপ্তর, ৬ষ্ঠ তলা (5 th Floor), নবনির্মিত সদর দপ্তর, সিএএবি ১১-০৪-২০২৩ খ্রি. বেলা: ১২.০০ ঘটিকা পর্যন্ত
৯.	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	: পরিচালক (প্রশাসন) এর দপ্তর, ৬ষ্ঠ তলা (5 th Floor), নবনির্মিত সদর দপ্তর, সিএএবি ১১-০৪-২০২৩ খ্রি. বেলা: ১২.৩০ ঘটিকায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) ইজারা দরপত্র খোলা হবে।

অন্যান্য শর্তাবলী: (ক) নিজ নিজ সংস্থা/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ইজারা দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে। (খ) ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থা এক বা একাধিক দোকানের জন্য দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন (গ) প্রতিটি দোকানের জন্য আলাদা সিডিউল ক্রয় ও দাখিল করতে হবে (ঘ) সীল মোহরকৃত খামের উপর কাজের নাম সুস্পষ্টভাবে লিখে ইজারা দরপত্র দাখিল করতে হবে (ঙ) ইজারা দরপত্রের শর্তাবলী প্রযোজ্য হবে (চ) বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে (ছ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল বা সম্পূর্ণ ইজারা দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০১৭


(ইসরাত জাহান-পান্না)
উপপরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)